তাজিয়া ২ অক্টোবর

ওদলাবাড়ি, ১২ সেপ্টেম্বর ঃ দুর্গাপুজোয় বিসর্জন এবং মহরমের তাজিয়া প্রদর্শনীকে কেন্দ্র করে কোনোভাবেই যাতে স্থানীয় এলাকায় সম্প্রীতির বাতাবরণ নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রেখে ৩০শে সেপ্টেম্বরের (শনিবারের) বদলে ২ অক্টোবর, সোমবার মহরমের তাজিয়া প্রদর্শনী ও মিছিল করার সিদ্ধান্ত নিল ওদলাবাড়ির হুসেনিয়া সোশ্যাল ওয়েলফেয়ার কমিটি। কমিটির পক্ষে ফিরোজ খান (সভাপতি), জুনেদ আলি (সম্পাদক), রামেল সরকার ও নফসর আলি জানিয়েছেন যে, সৌহার্দ্যের পরিবেশ বজায় রেখে সকলেই যাতে নির্বিঘ্নে নিজ নিজ উৎসবের আনন্দ উপভোগ করতে পারেন সেজন্য আমরা সমাজের সকল স্তরের মতামত নেবার পর এই সিদ্ধান্ত নিয়েছি। ওদলাবাড়ির সর্বজনীন দুর্গাপুজো কমিটিগুলোর পক্ষ থেকে এই সিদ্ধান্তকে স্বাগত জানানো হয়েছে।

ক্ষোভ ওদলাবাড়িতে ঃ জাতীয় ও রাজ্য সড়কে টোটো চলাচল বন্ধ করার মাল ট্রাফিক পুলিশের নির্দেশে ব্যাপক ক্ষোভ ছড়াল ওদলাবাড়ির টোটো চালকদের মধ্যে। সোমবার রাতে পুলিশের এই ঘোষণা সংক্রান্ত মাইকিংয়ের পর আজ, মঙ্গলবার সারাদিন একটি টোটোকেও রাস্তায় দেখা যায়নি। সমস্ত চালক এদিন তৃণমূল দলীয় কার্যালয়ে টোটো ইউনিয়নের নেতৃত্ব মানিক মণ্ডল, বিষ্ণু বৈদ্য ও সুকান্ত চৌধুরির সঙ্গে দফায় দফায় বৈঠক করেন। সিদ্ধান্ত হয়েছে বিষয়টি নিয়ে আগামী বুধবার মাল মহকুমাশাসকের কাছে একটি স্মারকলিপি জমা দিয়ে নিজেদের দাবিদাওয়া টোটোচালকরা জানাবেন। এদিকে, এদিন একটিও টোটো না চলায় চরম সমস্যায় পড়েন বহু মানুষ।

পুনর্বাসনের দাবি

কিশনগঞ্জ, ১২ সেপ্টেম্বর ঃ মায়ানমারে আক্রান্ত রোহিঙ্গা মুসলমানদের ভারতে পুনর্বাসন, রাষ্ট্রসংঘে রোহিঙ্গা সমস্যা সমাধানের জন্য আওয়াজ তোলা ও মায়ানমারের রাষ্ট্রপতি সু কি-র শান্তির জন্য পাওয়া নোবেল পুরস্কার প্রত্যাহারের দাবিতে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দকে স্মারকলিপি পাঠানো হল। কিশনগঞ্জের একটি মুসলিম সংগঠন মৈর-এ-উসমত ফাউন্ডেশন মঙ্গলবার গণস্বাক্ষর সংবলিত স্মারকলিপিটি কিশনগঞ্জের জেলাশাসক পঙ্কজ দীক্ষিতের মাধ্যমে রাষ্ট্রপতির কাছে পাঠায়। এছাড়া একই দাবিতে সংখ্যালঘু বুদ্ধিজীবীদের একটি বিশাল মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে জেলাশাসকের দপ্তরের সামনে শেষ হয়। কিশনগঞ্জের প্রাক্তন বিধায়ক তথা সারা ভারত মুসলিম ইত্তাহাদ পার্টির রাজ্য সভাপতি মিছিলে নেতৃত্ব দেন।

চক্ষু পরীক্ষা শিবির

মানিকগঞ্জ, ১২ সেপ্টেম্বর ঃ বেরুবাড়ি গ্রাম পঞ্চায়েত দপ্তরের সভাকক্ষে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির হল। মঙ্গলবার সাউথ বেরুবাড়ি সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন সোসাইটির উদ্যোগে ও নগর বেরুবাড়ি গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের সহযোগিতায় শিবিরটি হয়। গ্রাম পঞ্চায়েত সূত্রে জানা গিয়েছে, এদিন শিবিরে ২০০ জনের চোখ পরীক্ষা করা হয়। গ্রাম পঞ্চায়েতের প্রধান প্রমীলা বর্মন শিবির পরিচালনায় সহযোগিতা করেন। আয়োজক সংস্থার কোঅর্ডিনেটর সুনীল ঝা বলেন, শিলিগুড়ি গ্রেটার লায়ন্স আই হাসপাতালের চিকিৎসক এখানে রোগী দেখেন। রোগীদের বিনামূল্যে ওষুধও দেওয়া হয়। ছানি অপারেশনের জন্য ৫০ জন রোগীকে গ্রেটার লায়ন্স আই হাসপাতালে পাঠানো হয়েছে।

গেটের তালা ভেঙে বাইক চুরি ময়নাগুড়িতে

ময়নাগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ ময়নাগুড়িতে গেটের তালা ভেঙে বারান্দা থেকে মোটরবাইক চুরির ঘটনা ঘটল। পুলিশ সূত্রে খবর, সোমবার রাতে ময়নাগুড়ি শহিদগড় স্কুলপাড়ার বাসিন্দা মিতু চক্রবর্তীর বাড়িতে এই ঘটনা ঘটে। গত আট মাস আগে বাইকটি কেনেন মিতুবাবু।

এদিন ভোর চারটে নাগাদ প্রতিবেশী এক যুবকের টেলিফোনে ঘুম ভাঙে মিতুবাবুর। ওই যুবক মিতুকে জানান, তিনটে ছেলে মিতু চক্রবর্তীর বাড়ি থেকে বাইক নিয়ে বেরিয়ে গেল। এরপর মিতু ও তাঁর ভাই রাজা ঘুম থেকে উঠে দেখেন গেটের তালা ভাঙা। বাইকটি নেই। এরপরই ময়নাগুড়ি থানার পুলিশে খবর দেওয়া হয়।

ময়নাগুড়ি থানার আইসি তৌহিদ আনোয়ার পুলিশবাহিনী সহ সেখানে এসে তদন্ত করেন। মিতু চক্রবর্তীর বাড়িতে লাগানো সিসি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখেন আইসি। তাতে দেখা যায়, তিনজন বাইকটি চুরি করে নিয়ে যায়। ময়নাগুড়ি থানার আইসি তৌহিদ আনোয়ার বলেন, ঘটনার তদন্ত শুরু হয়েছে।

10-09-2017 11 15
Synch
All Record
Normal
Alarm
Motion

সিসিটিভিতে ধরা পড়েছে চোরেদের কীর্তি।

শিক্ষিকারা দেরিতে আসায় তালা মেরে বিক্ষোভ

ট্যাংনাপাড়া শিশুশিক্ষাকেন্দ্রে তালা মেরে বিক্ষোভ দেখাচ্ছেন গ্রামবাসীরা।

রাজগঞ্জ, ১২ সেপ্টেম্বর ঃ শিক্ষিকারা দেরিতে আসায় মঙ্গলবার রাজগঞ্জের ট্যাংনাপাড়া শিশুশিক্ষাকেন্দ্রে তালা মেরে বিক্ষোভ দেখালেন গ্রামবাসীরা। রাজগঞ্জের সন্ন্যাসীকাটা গ্রাম পঞ্চায়েতের ট্যাংনাপাড়া শিশুশিক্ষাকেন্দ্রের শিক্ষিকারা প্রায়দিনই দেরিতে আসেন বলে অভিযোগ। এছাড়া মিড-ডে মিলের খাবার নিয়েও তাঁদের অভিযোগ রয়েছে। তাই এদিন বেলা সাড়ে ১১টা বেজে গেলেও শিক্ষিকারা স্কুলে না আসায়, এলাকার বাসিন্দারা শিশুশিক্ষাকেন্দ্রে তালা ঝুলিয়ে বিক্ষোভ দেখান।

বাসিন্দাদের অভিযোগ, শিশুশিক্ষাকেন্দ্রে চারজন শিক্ষিকা রয়েছেন। পড়ুয়ার সংখ্যা শতাধিক। প্রায়দিনই শিক্ষিকারা দেরিতে আসায় খুদে পড়ুয়ারা রাস্তায় ঘোরাফেরা করতে থাকে। এতে পড়াশোনার ক্ষতি ছাড়াও ওই পড়ুয়ারা রাস্তায় ঘোরাফেরা করতে থাকায় যেকোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে। এদিনও শিক্ষিকারা দেরিতে আসায় শিশু পড়ুয়ারা পাশের বাঁশঝাড়ের নীচে বইপত্র নিয়ে বসে থাকে। বাসিন্দাদের আরও অভিযোগ, মিড-ডে মিলে কমপক্ষে সপ্তাহে একদিন ডিম খাওয়ানো বাধ্যতামূলক থাকলেও, মাসে মাত্র একবার ডিম খাওয়ানো হয়। এছাড়া, সপ্তাহে একদিন খিচুড়ি, দুইদিন আলু সেদ্ধ, ডাল সহ ভাত এবং দুই দিন আলুর দম ও ফ্রায়েড রাইস খাওয়ানোর নিয়ম থাকলেও, তা মানা হয় না। মিড-ডে মিলের রান্নার মানও খুব খারাপ বলে তাঁদের অভিযোগ। তাই শিক্ষিকাদের সঠিক সময়ে স্কুলে আসার দাবি ছাড়াও মিড-ডে মিল ঠিকমতো খাওয়ানোর দাবিতে বাসিন্দারা স্কুলে তালা মেরে বিক্ষোভ দেখান। বেলা ১টা নাগাদ ওই গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের অঞ্চল সভাপতির হস্তক্ষেপে স্কুলের তালা খুলে দেওয়া হয়। এ ব্যাপারে প্রধান শিক্ষিকা মিনুজা বেগম বলেন, আজ একটু দেরি হয়ে গিয়েছে। তবে প্রতিদিন সঠিক সময়ে তাঁরা স্কুলে আসেন বলে তিনি দাবি করেন। আর, প্রতি সপ্তাহে যে একদিন ডিম খাওয়ানো হয় না, তা তিনি স্বীকার করে নিয়েছেন। রাজগঞ্জের বিডিও পেমা শেরপা বলেন, অভিযোগ তদন্ত করে দেখা হবে। অভিযোগ প্রমাণিত হলে শিক্ষিকার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এই ধরনের অভিযোগ পেয়ে ইতিমধ্যে চারজন শিক্ষককে শোকজ করা হয়েছে বলে বিডিও জানিয়েছেন।

টোটোচালকদের মিছিল চালসায়

চালসা, ১২ সেপ্টেম্বর ঃ জাতীয় ও রাজ্য সড়কে টোটো না চালাতে দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে মঙ্গলবার মিছিল করলেন টোটোচালকরা। এদিন এই মিছিলটি মঙ্গলবাড়ি বাজার থেকে শুরু করে চালসা গোলা-শালবাড়ি-বিধাননগর-বাতাবাড়ি ফার্ম বাজার-ধূপঝোরা হয়ে আবার মঙ্গলবাড়িতে শেষ হয়। সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা যায়, টোটোচালকদের মেটেলি থানার পুলিশ থানায় ডেকে তাঁদের জাতীয় ও রাজ্য সড়কে টোটো না চালানোর কথা জানিয়ে দেয়। এদিন সকালে তৃণমূল কংগ্রেসের আইএনটিটিইউসি অনুমোদিত মেটেলি ব্লক টোটো ইউনিয়নের তরফে মঙ্গলবাড়ি বাজারে একটি সভা করা হয়। সভায় প্রশাসনের এই সিদ্ধান্তের বিরোধিতা করে মিছিল করার সিদ্ধান্ত নেওয়া হয়। শুক্রবার সংগঠনের তরফে এই বিষয়ে মেটেলির বিডিও-কে স্মারকলিপি দেওয়ারও সিদ্ধান্ত নেওয়া হয় এদিন। সংগঠনের মেটেলি ব্লক সভাপতি বিশ্বেশ্বর রায়, সম্পাদক রফিকুল ইসলাম, কোশাধ্যক্ষ মজিবুল হক বলেন, মেটেলি থানার পুলিশের তরফে টোটোচালকদের থানায় ডেকে বলা হয় যে, তারা জাতীয় ও রাজ্য সড়কে গাড়ি চালাতে পারবে না। সেই সিদ্ধান্তের বিরুদ্ধেই এদিন এই মিছিল। চালকরা জানান, জাতীয় ও রাজ্য সড়ক থেকেই আমরা বেশি যাত্রী পাই। প্রশাসনের এই সিদ্ধান্ত নেওয়া মানে আমাদের পেটে লাথি মারা। আমরা এই সিদ্ধান্ত কোনোদিন মেনে নেব না। তার জন্য এই মিছিল। মেটেলি থানা সূত্রে জানা যায়, জাতীয় ও রাজ্য সড়কে টোটো না চালানোর ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশের কথা টোটোচালকদের জানানো হয়েছে।

ডিজিট্যাল র‍্যাশনকার্ড দেওয়ার দাবি

খড়িবাড়ি, ১২ সেপ্টেম্বর ঃ সারা ভারত কৃষকসভার খড়িবাড়ি ব্লক কমিটির পক্ষ থেকে মঙ্গলবার খড়িবাড়ি বিডিও-কে ৯ দফা দাবিতে স্মারকলিপি দেওয়া হয়। সরকারি সহায়ক মূল্যে পাট ও ধান কেনার ব্যবস্থা করা, সকলকে দ্রুত ডিজিট্যাল র‍্যাশনকার্ড দেওয়া, কৃষকদের খাসজমির দ্রুত পাট্টা প্রদান, ১০০ দিনের কাজের মজুরি ৩০০ টাকা করা প্রভৃতি দাবি সংগঠনের পক্ষে করা হয়। সংগঠনের উদ্যোগে এদিন বিকেলে একটি মিছিল খড়িবাড়ি বাজার পরিক্রম করে। পরে বিডিও অফিসে বিক্ষোভ সমাবেশ করা হয়। সমাবেশে বক্তব্য রাখেন সিপিএমের দার্জিলিং জেলা সম্পাদক জীবেশ সরকার, কৃষকসভার জেলা সম্পাদক ঝরেন রায় প্রমুখ। এরপর সংগঠনের একটি প্রতিনিধিদল বিডিও-কে স্মারকলিপি দেয়। খড়িবাড়ি বিডিও যোগেনচন্দ্র মণ্ডল উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

সার্চলাইট বিলি

চালসা, ১২ সেপ্টেম্বর ঃ হাতি তাড়ানোর জন্য মঙ্গলবার চালসা রেঞ্জের পানঝোরা বিট এলাকার বাসিন্দাদের সার্চলাইট দেওয়া হল। পাশাপাশি, ওই এলাকার যুবকদের খেলাধুলার প্রতি আগ্রহ বৃদ্ধি করার জন্য খেলার সরঞ্জামও প্রদান করা হয় এদিন। মঙ্গলবার মেটেলি ব্লকের পানঝোরা বিটের অন্তর্গত নর্থ ইনডং বন সুরক্ষা কমিটির পক্ষ থেকে সার্চলাইট ও খেলার সরঞ্জামগুলি দেওয়া হয়। উপস্থিত ছিলেন বিধায়ক শুক্রা মুন্ডা, মেটেলির বন ও ভূমি কর্মাধ্যক্ষ নবকান্ত রায় প্রমুখ।

NOTICE

Application are invited from the eligible candidates for the post of Data Entry Operator (DEO) on purely contractual basis in connection with CMDMP at the Ratua-II Development Block in the District of Malda. For details visit **www.malda.nic.in / malda.gov.in.**

Sd/-
Ratua-II Development Officer
Ratua-II Development Block

Memo No. 506 Dated. 12/09/2017

Tender Notice

Sealed tenders are invited by the Principal, North Bengal Dental College & Hospital, Sushrutanagar, Dist-Darjeeling, Pin-734012 from the reputed firms/suppliers/contractors for supply of Dental Equipment for North Bengal Dental College & Hospital for the year 2017-2018. Necessary information in this regard may be had from the office of the undersigned from 13/09/2017 to 16/09/2017 at North Bengal Dental College upto 2:00 pm. Last day for receive the tender is on 25/09/2017 at 12:00 noon. Opening date of tender is on 25/09/2017 at 1:00 pm.

Principal
North Bengal Dental College & Hospital
Sushrutanagar : Siliguri : Darjeeling

ট্রেন পরিষেবা অব্যাহত থাকবে

নিম্নলিখিত ট্রেনগুলির পরিষেবা অব্যাহত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ঃ–

ক্রঃ	ট্রেন নম্বর	থেকে	যেদিন থেকে কার্যকর
১	৫৫৭১৫ কাটিহার-শিলিগুড়ি প্যাসেঞ্জার	কাটিহার	১১-০৯-২০১৭
	৫৫৭১৬ শিলিগুড়ি-কাটিহার প্যাসেঞ্জার	শিলিগুড়ি	১১-০৯-২০১৭
২	৫৫৭১৭ কাটিহার-টেটা প্যাসেঞ্জার	কাটিহার	১৪-০৯-২০১৭
	৫৫৭১৮ টেটা-কাটিহার প্যাসেঞ্জার	টেটা	১৪-০৯-২০১৭

জেনারেল ম্যানেজার (অপারেশনস্)
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

E-TENDER INVITING NOTICE

E.E, P.W.D. Jalpaiguri Construction Division, Jalpaiguri invites E-Tender for the work as stated below, detailed of which may be had during the office hours from the above office or at http://etender.wb.nic.in
1. Ref No WBPWD/EE/JCD/NIT_05/2017_2018
"Repair & Renovation Works of Bathroom & Latrine Block including Internal Pathway within the premises of Rajganj Police Station_Jalpaiguri_during the year 2017_2018"
Estt. Amt. Rs. 12,73,722.00
2. Ref No WBPWD/EE/JCD/NIT_06/2017_2018
"Construction of auditorioum at Jalpaiguri Govt. Engineering College (Residual work for structural and S&P works) during 2017-2018"
Esst. Amt. Rs. 25,31,493.00
Eligibility : Bonafied contractors having experience in similar nature of works.
Last date of downloading Tender document/Bid Submission 30/09/2017 upto 6.00 PM.

No. 2656(3)/DICO/Jal. Dt. 12.09.2017

WEST BENGAL STATE ELECTRICITY DISTRIBUTION COMPANY LIMITED

(A Govt. of West Bengal Enterprise)
Regd. Office: Vidyut Bhavan, Block-DJ, Sector-II, Bidhannagar, Kolkata - 700 091
CIN: U40109WB2007SGC113473, cecorpmont@gmail.com, www.wbsedcl.in

NIT No.: ZM/SLG/e-Tender/2017-18/07 **Date: 05.09.2017**

Online percentage rate e-Tender in two parts is invited by the **Zonal Manager, Siliguri Zone**; **Tender ID**: 2017_WBSED_127339_1, 2 & 3. **Name of Work**: **(1)** Construction of retaining wall (plum concrete), approach road, development of land and other allied works for proposed 33/11 kV Sub-Station at Takdah, Dist.: Darjeeling. **(2)** Civil works for installation of proposed Takdah 33/11 kV Sub-Station under DDUGJY at Takdah, Dist.: Darjeeling. **(3)** Civil works for installation of proposed Sonada 33/11 kV Sub-Station under DDUGJY at Sonada, Dist.: Darjeeling. **Estimated Cost: (1)** Rs. 81, 95,246/- **(2)** Rs. 1, 42, 81,418/- **(3)** Rs. 1, 35, 28,343/-. **Completion Time: (Sl. No.- 1)**: 4 months; **(Sl. No. -2 & 3)**: 8 months. Documents Download Start Date (online) & Bid Submission Start Date (online): **15.09.2017**; Documents Download End Date (online) & Bid Submission End Date (online): **16.10.2017** (up to **15:00 hrs.**). Details can be obtained from **https://wbtenders.gov.in** & **www.wbsedcl.in**

WEST BENGAL BOARD OF PRIMARY EDUCATION

A.P.C. Bhavan, DK-7/1, Sector-II, Salt Lake City. Kolkata-91

LAST CHANCE OF ONLINE REGISTRATION

The last date of registration in terms of the D.O. of the MHRD, Govt. of India no. 17-2/2017-EE.17, dated the 3rd August 2017 is **15.09.2017**. All untrained teachers of the state, teaching Classes I-VIII in both the Govt./Govt. Sponsored/Govt. Aided schools, Madrasahs, SSKs, MSKs as well as Private Un-Aided schools are requested to register through the link **http://dled.nios.ac.in** in the official website of NIOS : **www.nios.ac.in**. **This is the last chance as per order of the MHRD, Govt. of India.**

Date:12.09.2017

Sd/-
Secretary

NOTICE INVITING E-TENDER

The S.E., Northern Circle, Social Sector, P.W. Dte., Venus More, Siliguri, Pin : 734001, on behalf of Governor of West Bengal, invites E-Tender online on percentage rate basis.

SL.No. 01: **Tender Reference No.:WBPWD/SS/SE/NC/NIT-38(e)/2017-2018**

Tender ID : 2017_WBPWD_128560_1

For the work of : Construction of Boundary Wall around 49 Nos. of Government Model School of West Bengal - Construction of Boundary Wall of Newly Constructed 3 (Three) storied Model School at Malbazar and Matially in the District of Jalpaiguri.

Estd. Amt.: **Rs. 1,05,09,671.00**

EMD Amt.: **Rs. 2,10,193.00**

Last date of submission of BID online is **07.10.2017 upto 2:00 P.M.**

SL.No. 02: **Tender Reference No.:WBPWD/SS/SE/NC/NIT-39(e)/2017-2018**

Tender ID : 2017_WBPWD_128569_1

For the work of : Construction of proposed 3 storied Model School Building including Sanitary & Plumbing works, Electrical works, Construction of Deep Tube Well ODEX-165 and installation of Submersible Pump Motor set at Kharibari under RMSA Scheme in the District of Darjeeling.

Estd. Amt.: **Rs. 4,39,21,471.00**

EMD Amt.: **Rs. 8,78,429.00**

Last date of submission of BID online is **07.10.2017 upto 2:00 P.M.**

All documents can be obtained from the website: **http://wbtenders.gov.in** and in office notice board. Regarding E-Tender, bidder may contact PWD Help Desk Ph. No. **033 - 2223 6236**.

Corrigendum/Rectification or Modification, if any, issued by the Department against this NIT will be published in website only.

Sd/-
Superintending Engineer
Northern Circle, Social Sector, P.W. Dte.

ট্রেন সেবার বাতিলকরণ এবং সংক্ষিপ্ত পরিসমাপ্তি

কাটিহার, আলিপুরদুয়ার, রঙ্গিয়া এবং লামডিং সংমণ্ডলে ০৪ **ঘণ্টার** মেগা ট্র্যাফিক ব্লকের সুবিধার জন্যে **১৭-০৯-২০১৭** তারিখে (রবিবার) নিম্ন উল্লেখিত ট্রেনসমূহ নিচে দেওয়া ধরণে বাতিল/ সংক্ষিপ্ত পরিসমাপ্তি করা হয়েছেঃ

বাতিলকরণঃ (১) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **১৫৭১৭ (গুয়াহাটি-মরিয়নি) ইন্টারসিটি এক্সপ্রেস** ট্রেনটি **গুয়াহাটি** থেকে **বাতিল** করা হবে। (২) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **১৫৭১৮ (মরিয়নি-গুয়াহাটি) ইন্টারসিটি এক্সপ্রেস** ট্রেনটি **মরিয়নী** থেকে **বাতিল** করা হবে। (৩) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৭৫৭২৭ (গুয়াহাটি-হয়বরগাঁও)** ডেমু ট্রেনটি **গুয়াহাটি** থেকে **বাতিল** করা হবে। (৪) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৭৫৭২৮ (হয়বরগাঁও-গুয়াহাটি)** ডেমু ট্রেনটি **হয়বরগাঁও** থেকে **বাতিল** করা হবে। (৫) আগামী **১৬-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৭৫৭১৭ (শিলিগুড়ি জং.-বামনহাট)** আপ ডেমু ট্রেনটি **শিলিগুড়ি জং.-বামনহাটের** মধ্যে **বাতিল** করা হবে। (৬) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৭৫৭১৮ (বামনহাট-শিলিগুড়ি জং.)** ডাউন ডেমু ট্রেনটি **বামনহাট-শিলিগুড়ি জংশনের** মধ্যে **বাতিল** করা হবে। (৭) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৫৫৭১৩/৫৫৭১৪ (নিউ জলপাইগুড়ি-রঙ্গিয়া-নিউ জলপাইগুড়ি)** প্যাসেঞ্জার ট্রেনটি **নিউ জলপাইগুড়ি-রঙ্গিয়া-নিউ জলপাইগুড়ির** মধ্যে **বাতিল** করা হবে। (৮) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৫৫৭২৭/৫৫৭২৮ (কাটিহার-রাধিকাপুর)** প্যাসেঞ্জার ট্রেনটি **কাটিহার-রাধিকাপুরের** মধ্যে **বাতিল** করা হবে। (৯) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৫৫৭১৭/৫৫৭১৮ (কাটিহার-টেল্টা)** প্যাসেঞ্জার ট্রেনটি **কাটিহার-টেল্টার** মধ্যে **বাতিল** করা হবে। (১০) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৫৫৭১১/৫৫৭১২ (নিউ জলপাইগুড়ি-মালদা টাউন)** প্যাসেঞ্জার ট্রেনটি **নিউ জলপাইগুড়ি-মালদা টাউন-নিউ জলপাইগুড়ির** মধ্যে **বাতিল** করা হবে।

সংক্ষিপ্ত পরিসমাপ্তি এবং আংশিক বাতিলকরণঃ (১) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **১৫৭৬৯ (আলিপুরদুয়ার জং.-লামডিং) ইন্টারসিটি এক্সপ্রেস** ট্রেনটি **গুয়াহাটিতে সংক্ষিপ্ত পরিসমাপ্তি** এবং **গুয়াহাটি-লামডিঙের** মধ্যে **আংশিক বাতিল** করা হবে। (২) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **১৫৭৭০ (লামডিং-আলিপুরদুয়ার জং.) ইন্টারসিটি এক্সপ্রেস** ট্রেনটি **গুয়াহাটিতে সংক্ষিপ্ত প্রারম্ভ** এবং **লামডিং-গুয়াহাটির** মধ্যে **আংশিক বাতিল** করা হবে। (৩) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৫৫৬০১ (কামাখ্যা-লামডিং)** প্যাসেঞ্জার ট্রেনটি **হোজাইতে সংক্ষিপ্ত পরিসমাপ্তি** এবং **হোজাই-লামডিঙের** মধ্যে **আংশিক বাতিল** করা হবে। (৪) আগামী **১৭-০৯-২০১৭** তারিখে যাত্রা করার জন্য **৫৫৬০২ (লামডিং-কামাখ্যা)** প্যাসেঞ্জার ট্রেনটি **হোজাইতে সংক্ষিপ্ত প্রারম্ভ** এবং **লামডিং-হোজাইর** মধ্যে **আংশিক বাতিল** করা হবে।

যাত্রীগণের অসুবিধার জন্য দুঃখিত

মহা প্রবন্ধক (অপারেশান)
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

ঁরাধেশ্যাম বণিক স্মরণে

আজ ১৬তম মহাপ্রয়াণ দিন, অশ্রু নয়নে ভারাক্রান্ত মনে, তোমার শ্রীচরণে শত শত প্রণাম। - বণিক পরিবার, রবীন্দ্রনগর, শিলি.। (C/103972)

জ্যোতিষ

জ্যোতিষ ও তন্ত্রগুরু আচার্য গর্গরাজ শাস্ত্রী 10 থেকে 15 কোচবিহার স্টেশন চৌপথি নিজস্ব জ্যোতিষ ভবনে। 74786-83414. (C/69989)

●

শ্রীদেবকুমার জ্যোতিষ শাস্ত্রী স্বর্ণপদক ১১-২০ বসছেন রত্নভাণ্ডার জুয়েলার্স, শিলিগুড়ি। M-99324-14419.

●

শ্রী সঞ্জয় (ত্রিনাথ) মানে সমাধান হবেই ঃ-ব্যবসায় দৃষ্টি, চাকরি, সন্তান, পরিবার বাস্তুদোষ প্রভৃতির। শিলিগুড়ি- 98320-64135. (C/69613)

জ্যোতিষ ভাস্কর (কৃষ্ণমূর্ত্তি)

ব্যর্থপ্রেম, বিবাহ, সন্তান, চাকুরি, শত্রুদমন, বশীকরণ যে কোনো সমস্যায় গ্যারান্টি সমাধান। কোচবিহার 9635706192. (C/69806)

জ্যোতিষ শ্রী বিনায়ক (পঞ্চমুণ্ডি অঘোরি তন্ত্রে বশীকরণ/মেটাল বিশেষজ্ঞ)

ব্যর্থ প্রেম, চাকরি, ব্যবসা সহ যে কোনো সমস্যায় 100% সমাধান। M-8900626200 শিলিগুড়ি 13/9. (C/103328)

আজ ধূপগুড়ি
কাল ময়নাগুড়ি
পরশু মালবাজার
১৬.৯ শিলিগুড়ি
২০/২১ জলপাইগুড়ি
২২.৯ আলিপুরদুয়ার
গ্রহের দোষ কাটান
৩৫০ বছরের বংশ পরম্পরায় জ্যোতিষী ও পথপ্রদর্শক
উত্তরবঙ্গ সংবাদের রাশিফলের লেখক
শ্রীদেবাচার্য্য
বুকিং ঃ 9434317391/9163667741

মাত্র ১ ঘণ্টায় সাফল্য লাভ

জীনতন্ত্র, গুপ্তবিদ্যা, কালাজাদু, কামাক্ষ্যাতন্ত্রে ব্যর্থপ্রেম, গুপ্তপ্রেম, বিদ্যা, বিবাহ, শত্রুদমন সহ যে কোনো সমস্যার গ্যারান্টি সহ প্রতিকার। তান্ত্রিক জ্যোতিষ "শ্রী দেব শাস্ত্রী"। আজ ধূপগুড়ি, 14 কোচবিহার। (M) 98302-39160. (C/70120)

পুরস্কারপ্রাপ্ত জ্যোতিষী শ্রী বিনোদ চৌধুরী

আবার শিলিগুড়িতে আসছেন তন্ত্র, মন্ত্র, জ্যোতিষ, বিবাহ, বাস্তু এবং সংখ্যাতত্ত্ব বিষয়ে সঠিক সমাধান দিতে। তারিখ ঃ ১৬ সেপ্টেম্বর '১৭ বেলা ১টা-রাত ১০টা, ১৭ সেপ্টেম্বর সকাল ৮টা-বেলা ১টা। স্থান ঃ গোল্ডেন মোমেন্ট হোটেল, ভেনাস মোড়, হিলকার্ট রোড, শিলিগুড়ি, ফোন ঃ 08420612817/09051118109/09831437568. কলকাতা প্রধান শাখা ঃ ৯ ম্যাঙ্গো লেন, প্রথম তল, ওরিয়েন্ট সিনেমার নিকটে, কলকাতা-৭০০০০১। (Kol)

4 মিনিটে তীব্র বশীকরণ

লিখিত কন্ট্রাক্টে কাজ। ব্যর্থপ্রেমে বশীকরণ, দাম্পত্য কলহ-যে কোনো সমস্যায় তান্ত্রিক 'দিলীপ আচার্য্য'। দক্ষিণা-201/-, (M) 9614982981, কোচবিহার-14/9, শিলিগুড়ি-15/9. (Kol)

বাক্‌সিদ্ধ জ্যোতিষ শ্রী দিব্যজ্যোতি শাস্ত্রী

কলকাতা তথা উত্তরবঙ্গের প্রখ্যাত জ্যোতিষ 16th Gold Medalist, কামাখ্যা ও তারাপীঠ সিদ্ধতন্ত্র ব্যবসা, চাকরি, বিবাহ, বশীকরণ, পড়াশোনা, ফাঁড়া যেকোনো সমস্যা সমাধানে সিদ্ধহস্ত। প্রতি ইং মাসে শিলিগুড়ি-6-7, জলপাইগুড়ি-8, মালবাজার-9, ময়নাগুড়ি-10, ধূপগুড়ি-11, ফালাকাটা-12, আলিপুরদুয়ার-13. বুঃ নং - 9547370937. (S/M)

গুপ্ত বিদ্যা ও মহিনী তন্ত্রের দ্বারা তীব্র বশীকরণ

বিদ্যা, প্রেম বিবাহ, বিচ্ছেদ, চাকরী, শত্রুদমন যে কোনো সমস্যার 100% সমাধান চিতা হোমে পারদর্শী মা আরাধ্যা দক্ষীণা-201, Ph- 9614981622. 13/9- আজ জলপাইগুড়ি,14/9 ধূপগুড়ি। (M/69441)

সোনা ও রুপার দর

খাঁটি সোনা ১০ গ্রাম (২৪ ক্যাঃ)	৩০৪২০
গিনি সোনা ১০ গ্রাম (২২ ক্যাঃ)	২৮৮৬০
১০ গ্রাম (২২ ক্যাঃ)	২৯২৯৫
রুপা (বাট) ১ কেজি	৪০৮০০
রুপা (খুচরা) ১ কেজি	৪০৯০০

পঃ বঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজার দর।
(মূল্যযুক্ত কর আলাদা)

১০ টি বহু-উপযোগী বাহন ভাড়া করা

ই-টেণ্ডার নোটিশ নং. ৫৪/ডব্লিউ-২/এপিডিজে তারিখ ০৮-০৯-২০১৭, ক্রমিক নং. ১, টেণ্ডার নং. ১৩-এপি-I-২০১৭। **কাজের নামঃ** ২ (দুই) বৎসরের জন্য জ্যেষ্ঠ. ডিইএন/I/এপিডিজে এবং জ্যেষ্ঠ. ডিইএন/II/এপিডিজের অধীনে এসএসই/পি-ওয়ে/ নিউ বঙ্গাইগাঁও, ফকিরাগ্রাম জংশন, কোচবিহার, আলিপুরদুয়ার জংশন, নিউ আলিপুরদুয়ার, কামাখ্যাগুড়ি, ফালাকাটা, নিউ ময়নাগুড়ি, মাথাভাংগা এবং তুফানগঞ্জের অধীনে পি-ওয়ে সা-সামগ্রী, টুলস্ এবং প্ল্যান্টসের পরিবহণের জন্য ১০ টি বহু-উপযোগী বাহন ভাড়া করা। **টেণ্ডার মূল্যঃ** ৯৯,১৩,৩২০/- টাকা, **বায়না রাশিঃ** ১,৯৮,২৭০/- টাকা। **ই-টেণ্ডার বন্ধ হবেঃ** ১৭-১০-২০১৭ এর ১৩.০০ টায় এবং **খোলা হবেঃ** ১৭-১০-২০১৭ এর ১৫.০০ টায়। উপরোক্ত ই-টেণ্ডারের টেণ্ডার প্র-পত্রের সহিতে সবিশেষ তথ্য **http://www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ হবে।

মাণ্ডলিক রেলওয়ে প্রবন্ধক (ডব্লিউ)
আলিপুরদুয়ার জং.
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"গ্রাহকদের সেবায় হাসিমুখে"

কর্মখালি

শিলিগুড়ি শিবমন্দিরে শিক্ষাকেন্দ্রে মার্কেটিং-এর জন্য স্নাতক ছেলে চাই। বেতন - 10K + TA. M - 9775666656. (C/70039)

●

এয়ারপোর্টের জন্য - এম/এফ (৪২৪০০-৭২৪০০) - এয়ারহোস্টেস, সুপারভাইজার, ড্রাইভার - হেল্পার, গ্রাউন্ড স্টাফ (থাকা + খাওয়া + বোনাস) (ডি এম আর সার্ভিসেস) # 09999704368. (DHL)

WANTED

Wanted an A/T in English B.A. (Pass, B.Ed) Reserved for SC for Tarikullah Sarkar High School (H/S) Vill+P.O- Katna, Dt- Malda, 732124 in Deputation vacancy upto 30.06.18. Apply within 10 days. (M/69454)

এফিডেভিট

শিলিগুড়ি নোটারি পাবলিকে এফিডেভিট বলে 12-09-17 তারিখে বিষ্ণু হাজরা থেকে বিষ্ণু দে হলাম। (C/103975)

●

গত 11-09-17 কোচবিহার সদর E.M. কোর্টের এফিডেভিটে আমি Mirkin Poddar এবং Rabi Poddar এক এবং অভিন্ন ব্যক্তি হিসেবে পরিচিত হলাম। পাটছড়া, কোচবিহার। (C/69809)

●

সরকারি কাগজপত্রে আমার নাম ভুলবশত দীপক সরকার হওয়ায় ০১-৯-১৭ বালুরঘাট এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কোর্টের এফিডেভিটে এখন থেকে দীপক দে সরকার হইলাম। দীপক দে সরকার, নর্থ চকভবানী, বালুরঘাট, দঃ দিনাজপুর। (SA)

ঁরাধেশ্যাম বণিক স্মরণে

আজ ১৬তম প্রয়াণ দিন, তোমাকে জানাই আমাদের অন্তরের শ্রদ্ধা, তোমারই অনুপ্রেরণায় আজও আমরা অনুপ্রেরিত, তুমি আছ আমাদের কর্মের উৎসে। - রতন ট্রেডিং কো:, শ্রী গুরু ট্রেডিং কো: সমস্ত কর্মীবৃন্দ, শিলিগুড়ি। (C/103971)

চিকিৎসা

প্রখ্যাত চর্ম, যৌন রোগ বিশেষজ্ঞ অধ্যাপিকা ডাঃ শাশ্বতী হালদার আগামী 15, 16 সেপ্টেম্বর মুকুন্দ মেডিকেলে রোগী দেখবেন। (M) 83438-13309. (C/70141)

বিক্রয়

70000/99000 টাকা দামে প্রতি কাঠা রেকর্ড জমি বিক্রয় সাহুডাঙ্গি, কচুমোড়, শিলিগুড়ি, M : 98320-60869, 83729-15702.

●

আলিপুরদুয়ার, তপসীখাতা পাওয়ার গ্রিড সম্মুখস্থ রাস্তার পার্শ্বে ৪ ডেসিমেল জমি বিক্রয়। (M) 7908922848. (U/D)

ডিস্ট্রিবিউটার চাই

জিনিয়াস পেন কোম্পানির এরিয়া ভিত্তিক ডিস্ট্রিবিউটরশিপ দেওয়া হচ্ছে। (দার্জিলিং জেলা ও শিলিগুড়ি) মার্কেটিং সাপোর্ট কোম্পানি দেবে। যোগাযোগ - 9800459999, 7384755656, 7384163924. (C/701371)

ব্যবসা/বাণিজ্য

ভারতী ইনফ্রাটেল টাওয়ার গ্রুপ-থেকে সমস্ত কোম্পানীর 3G/4G টাওয়ার লাগান। অগ্রিম 70 লাখ। ভাড়া 70,000/- + চাকরি। কোর্ট এগ্রিমেন্ট। 7291917121/ 8447914092. (Kol)

●

কাঠের 3' ফুটের বাটাম (জ্বালানী কাঠ) কেজিদরে পাওয়া যাচ্ছে। M. No- 9434046002. (C/69234)

টাওয়ার

টাওয়ারের জন্য প্লট, বাড়ি, ছাদ প্রয়োজন। ৮০ লাখ অগ্রিম, ৭০০০০ প্রতিমাসে + চাকরি + এগ্রিমেন্ট (অনুমোদিত)। 07531993683, 07531989095.

●

টাওয়ারের জন্য প্লট, জমি, ছাদ প্রয়োজন। ৯০ লক্ষ অগ্রিম, ৯০০০০ প্রতিমাসে + চাকরি + এগ্রিমেন্ট (অনুমোদিত)। 09069348670, 09069348692. (DHL)

লোন

Sri Ram Finance 1985 (Regd.) পি. এম. মুদ্রা যোজনায় সবপ্রকার লোন PR/PL 1% সুদে, 40% ছাড়ে বাড়ি থেকে পান। অপরিচিত থেকে সাবধান। 7876535726, 9138632428. (Kol)

●

সব খরচ লোন থেকে ভারতের ১ নং বিড়লা ফাইনান্স জনধন PM আবাস যোজনার অন্তর্গত মার্কশীট, প্রপার্টি লোন ৫০,০০০- ৫০ লক্ষ পর্যন্ত সুদ 2% ছাড় 50% সরকারি ব্যাঙ্ক থেকে 9467813155, 9416815342.

●

Surya Finance Pvt. Ltd. দুর্গাপূজা ধামাকা ! কোনো ফাইল চার্জ/গ্যারান্টার ছাড়া প্রধানমন্ত্রীর আনএমপ্লয়মেন্ট স্কিম-এ মার্কশিট লোন (2-10 লাখ), পার্সোনাল,. প্রপার্টি, এগ্রিকালচার, প্রজেক্ট লোন 10-50 লাখ পান 2 দিনে। সুদ 2%, ছাড় 50%। 09803270273, 09803715259. (Kol)

●

'এক্সেল আনন্দ ফিনান্স' থেকে লোন, এজেন্টের জন্য কোম্পানিতে ফোন করুন। (M) 7055194194/7088002274, কোচবিহার-7409777730, জলপাইগুড়ি-9675599989, শিলিগুড়ি-7617603131, মালদা-7088088844, ধুবড়ি-7409123401, কোকরাঝাড়-8395810777, আলিপুর-8171770770, উঃ দিনাজপুর-7617600707, দঃ দিনাজপুর-7088088855. (C/70108)

কর্মখালি

একজন অ্যাকাউন্ট্যান্ট চাই। (M) 9832443628. (C/103968)

●

আমন্ত্রণ বস্ত্র প্রতিষ্ঠানের সেলস-এর জন্য পুরুষ / মহিলা কর্মী আবশ্যক। (M) :- 7699990313. (C/70142)

●

বাড়িতে বসে ফর্ম ফিলাপ করে বেকাররা মাসে 10-20 হাজার আয় করুন। M - 7432890600. (B/S)

●

প্রচুর সিকিউরিটি গার্ড ও অভিজ্ঞ ইনচার্জ চাই (থাকা ফ্রি), বেতন - 7000 - 9000/ -, M - 98324-89908. (C/70137)

●

Part/Full Time Earn 7500/- to 21500/- Call : 0353-2526726 / 96415-50174. (C/70118)

●

DRIVER আবশ্যক, Age Limit 25-50 YRS. শিলিগুড়ি, MOB No. 9933122225. (C/103964)

●

100% Job গ্যারান্টি Ex-Income-এ আগ্রহী পুরুষরা জেলাভিত্তিক Part time কাজে Join করুন। Ph : 7440058757. (C/70139)

●

আলম নার্সিংহোম, ইসলামপুরে ICU এর জন্য দক্ষ ও অভিজ্ঞ টেকনিসিয়ান এবং নার্সিং স্টাফ চাই। (M) 99322-63281 / 89278-38416. (C/70136)

●

Spot Income সমগ্র উত্তরবঙ্গে Enjoyment-এর মাধ্যমে জেলাভিত্তিক Part time কাজ করতে কল করুন 9432829650. (C/69938)

●

কোথাও আর না ঠকে পুজোর আগে ২০ বছরের উর্দ্ধে পুরুষেরা জেলাভিত্তিক পার্ট টাইম কাজ করে ভালো আয় করতে শীঘ্রই যোগাযোগ করুন ঃ 9432437591. (C/69767)

●

"AIRPORT"-এ কন্ট্রাক্টরের অধীনে কাজের জন্য শিলিগুড়ি এলাকায় লোক নিয়োগ করা হচ্ছে !! (M) 7699990816./9851153498. (C/70123)

●

শিলিগুড়ি ও পার্শ্ববর্তী এলাকার জন্য সিকিউরিটি গার্ড / সুপারভাইজার চাই, থাকা খাওয়ার ব্যবস্থা আছে, বেতন (7,500/- - 9,500/-), (M) 9593009550. (C/103977)

●

কলকাতা ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের সুপারভাইজার, হেল্পার পদের জন্য (৪৩৭০০/- - ৭৩৭০০/-) ১০ম, ১২শ, স্নাতক ১৯৭৭ জন পুং/স্ত্রী প্রয়োজন (খাওয়া + থাকা- + বোনাস) (ডি. এম. আর. সার্ভিসেস)। 08287007306. (DHL)

●

Wanted an A/T Bengali B.A. (Pass), B.Ed., UR, on deputation vacancy. Apply with all testimonials (xerox) to the President, Jateswar High School, P.O. - Jateswar, Dt. Alipurduar within 22.9.2017. (B/S)

●

Wanted trained Assistant Teacher (female) in History (H/PG, Gen) against deputation vacancy upto 30-6-18. Apply to the Secretary, Daldali Girls' Jr. High School, P.O. Bara Daldali, Dist. Alipurduar, Pin - 736203 with 2 sets of all testimonials within 22-9-17. (U/D)

●

হলদিবাড়ি গার্লস হাইস্কুল, পো ঃ হলদিবাড়ি, জেলা ঃ কোচবিহার, ডেপুটেশন ভ্যাকেন্সিতে শিক্ষিকা নিয়োগ করা হবে। (১) B.Sc (Bio) Pass (সাধারণ), (২) Hons. / P.G. (Eng) (OBC-B সংরক্ষিত)। উভয় পদে B.Ed অগ্রাধিকার পাবে। ইচ্ছুক প্রার্থীদের সমস্ত সার্টিফিকেটের ২ কপি প্রত্যয়িত নকল সহ বিজ্ঞপ্তি প্রকাশের দশদিনের মধ্যে বিদ্যালয় সভাপতির নিকট আবেদন করতে হবে। (P/C/C)

VACANCY

Required Commerce Teacher, qualification - M.Com, Green Lawn School, Soureni Bazar, Mirik, affiliated to ICSE/ISC, New Delhi, Contact : No. 9832068646 / 8250499503, Email : greenlawnschool.soureni@gmail.com

নিঃশুল্ক ভর্তি

OMI Govt. Regd Company-তে ম্যানেজার ও অফিস স্টাফ পদে প্রচুর ছেলেমেয়ে প্রয়োজন। যোগ্যতা 10th-PG আয় 8500/- পরে 32000/- যোগাযোগ শিলিগুড়ি। (M) 9093097030, 7029438380.

WANTED

Wanted one Asst. Teacher in deputation vacancy, BA (Pass) in English, Category- SC, B.Ed pref. Apply within 25/09/17 with testimonials to the Secretary, Mondalpara Nazrul Jr. High School, P.O. - Kholta, Coochbehar, 736121. (C/69810)

MNC STEEL PLANT

আয়রন Co.- তে কাজের সুযোগ।
নো ডোনেশন। বেতন 8600/- - 32800/-

উঃ বঙ্গে প্রত্যেকটি অভিজাত শিল্প প্রতিষ্ঠানে প্রচুর লোক প্রয়োজন, গ্যারান্টি পেপার সহ জয়েনিং। অষ্টম থেকে স্নাতক আবেদনযোগ্য। পোস্টিং ম্যানেজার, S/V, ASV, স্টোরকিপার, পিয়োন, গার্ড, অফিসবয়, ফিটার, ওয়েল্ডার, টেকনিশিয়ান, ATM গার্ড, যোগাযোগ করলে নিশ্চিত চাকরি। নিজস্ব জেলায় পোস্টিং, থাকা, খাওয়ার সুবিধা রয়েছে। বেতন ৮ম- (8600/-), M.P.- H.S. (10600/- 12600/-), H.S.- স্নাতক (12600/- - 18600/-), স্নাতকোত্তর (18600/- - 32600/-) রেজিঃ ১০১ + ফর্ম। যোগাযোগ- 9641620829. (C/69703)

সতর্কীকরণ ঃ উত্তরবঙ্গ সংবাদ অথবা পত্রিকার কোনো এজেন্ট পত্রিকায় প্রকাশিত কোনো বিজ্ঞাপনের সততা, যথার্থতার জন্য দায়ী নয়। কোনো প্রকার বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হওয়ার আগে বিজ্ঞাপনের যথার্থতা যাচাই করে নিতে পাঠকদের অনুরোধ করা হচ্ছে।